

২০২১

বাংলা

(অনার্স)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BENG-H-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতিপদ্ধতি)

পূর্ণমান : ২০

সময় : ১ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 5 = 5$ 

- ক) পাদটীকা পদ্ধতি কাকে বলে?
- খ) গবেষণার কাজে উপাদান সংগ্রহের উৎসগুলি কী কী?
- গ) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের যে কোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ঘ) রিসার্চ - কথাটির বাংলা পরিভাষা লেখো।
- ঙ) 'বিজ্ঞাপনদাতা' ও 'বিজ্ঞাপনগ্রহীতা' বলতে কী বোঝায়?
- চ) বিজ্ঞাপন বলতে কী বোঝায়?

(পরের পাতায়)

ছ) বিজ্ঞাপন কত প্রকার ও কী কী?

জ) মানবিক আবেদনমূলক প্রতিবেদন সম্পর্কে আলোচনা করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 1 = 5$ 

ক) গবেষণাপত্রে গদ্যাংশ থেকে উদ্ধৃতি ব্যবহারের নিয়মগুলি আলোচনা করো।

খ) সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে রচনা কৌশলে কোন্ কোন্ বিষয়গুলিকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয় বলে তুমি মনে কর - সংক্ষেপে আলোচনা করো।

গ) বিজ্ঞাপন রচনার সময় কোন্ কোন্ বিষয়গুলির ওপর বেশি গুরুত্ব দেওয়া দরকার বলে তুমি মনে কর - সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$ 

ক) কোভিড-১৯ (ভাইরাস-জনিত সংক্রমণ) থেকে রক্ষা পেতে যে সাবধানতার অবলম্বন দরকার - সে বিষয়ে একটি বিজ্ঞাপন রচনা করো।

খ) একটি কম্পিউটার শিক্ষাকেন্দ্রের প্রচারের উদ্দেশ্যে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন রচনা করো।

গ) গবেষণার ক্ষেত্রে পাণ্ডুলিপি প্রস্তুতির বিভিন্ন বিভাগ সম্পর্কে বুঝিয়ে দাও।